



কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প  
কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

সম্ভাব্য ভারী বৃষ্টিপাতের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

প্রকাশের তারিখ: ১১/০৯/২০২৪

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী আগামী ১২-১৪ সেপ্টেম্বর ২০২৪ সারাদেশে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। বিশেষ করে চট্টগ্রাম, সিলেট ও বরিশাল বিভাগের কোথাও ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হতে পারে। বৃষ্টিপাতের ক্ষতিকর প্রভাব থেকে ফসল রক্ষার জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো:

- দ্রুত পরিপক্ক সবজি সংগ্রহ করে ফেলুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন। জলাবদ্ধতা পরিহারের জন্য সবজির জমির চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন।
- আমন ধানের জমির নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।
- আমন ধানের জমির আইল উঁচু করে দিন।
- সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- কলা ও দণ্ডায়মান সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- আখের ঝাড় বেঁধে দিন।
- গবাদি পশু ও হাঁসমুরগীর থাকার জায়গা পরিষ্কার ও শুকনো রাখুন।
- পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন অতিরিক্ত পানিতে মাছ ভেসে না যায়।

প্রকল্প পরিচালক

(ড. মোঃ শাহ কামাল খান)

যোগাযোগ নম্বর : ০১৭১২১৮৪২৭৪

ইমেইল: [kamalmoa@gmail.com](mailto:kamalmoa@gmail.com)